মার্কেন্টাইল ব্যাংক পিএলসি

রংপুর শাখা, রংপুর।

অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩ (৭) ধারা মোতাবেক

সম্পত্তি নিলাম দরপত্র বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, রংপুর শাখা, রংপুর এর খেলাপী ঋণ গ্রহীতা "মেসার্স আব্দুল্লাহ আল মামুন" এর স্বত্বাধিকারীঃ আব্দুল্লাহ আল মামুন, পিতাঃ মো: আব্দুল আজিজ, মাতাঃ মোছাঃ মাজেদা খাতুন; সাং- বাড়ি-১৪০, রোড নং-০১, ষ্টেশন রোড, আলমনগর রংপুর, থানাঃ কোতয়ালী, জেলাঃ রংপুর ও ব্যবসায়িক ঠিকানাঃ বাবুপাড়া, উপজেলাঃ রংপুর সদর, জেলাঃ রংপুর -এর নিকট প্রাপ্য অর্থ আদায়ের লক্ষ্যে ব্যাংক কর্তৃক বিজ্ঞ যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত-০১, রংপুর বরাবর দায়েরকৃত অর্থজারী মামলা নং-৫২/২০১৭ (মূল অর্থঋণ মোকদ্দমা নং-৬৩/২০১৪ হতে উদ্ভূত) মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক গত ১১/১০/২০২২ ইং তারিখে ডিক্রীদার ব্যাংকের অনুকূলে অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৭) ধারার বিধান মোতাবেক ইস্যুকৃত মালিকানার সার্টিফিকেটের মাধ্যমে নিম্ন তফসিলভুক্ত স্থাবর সম্পত্তির মালিকানা স্বত্ব ব্যাংকের বরাবরে ন্যস্ত হয়। উক্ত সম্পত্তি বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী ক্রেতাগণ হতে নিম্নবর্ণিত শর্তাধীনে তফসীলভুক্ত সম্পত্তি ও তদুপরি যাবতীয় নির্মাণাদি (বর্তমানে যে অবস্থায় আছে) নিলামে বিক্রয়ের জন্য সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

নিলামের শর্তাবলীঃ

১. আগ্রহী দরদাতাগণকে তাঁর বা তাঁদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ২৬.১১.২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রস্তাবিত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং রেজিষ্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌঁছাতে হবে। ঐ দিনই বিকাল ৩৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ উপস্থিত দরপত্রদাতা বা তাঁদের প্রতিনিধির সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। দরপত্রে দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং, যদি কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তাঁর নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, উদ্ধৃত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফশিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, রংপুর শাখা, রংপুর -এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করা যাবে।

৩. অনূর্ধ্বদশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে প্রোক্তেয়াউক্তভূত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য অপেক্ষা কম না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয় করতে আহ্বান করতে পারবেন। ২য় সর্বোচ্চ দরদাতাকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ পরিশোধ করতে হইবে অন্যথায় ব্যাংক ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট শাখায় রক্ষিত তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি যাচাই বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন। পৃথক পৃথক তফসিলের জন্য পৃথক পৃথক দরপত্র দাখিল করা যাবে।

৭. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিষ্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আয়তন, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করতে পারবেন।

বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ

(ক) জেলাঃ রংপুর, থানা সাবেক কোতয়ালী, হাল রংপুর মহানগর সার্কেল, সাব রেজিষ্ট্রি অফিসঃ রংপুর সদর, মৌজাঃ আলমনগর, জে.এল নং-৯৬, খতিয়ান নংঃ সিএস ৬৭২, আর এস -৬৬১, খারিজ খতিয়ানঃ ২৫-২০৭৪১, আর এস দাগ নং-৪৬৫৮। জমির পরিমাণঃ ২০ শতক। মালিক: মার্কেন্টাইল ব্যাংক পিএলসি।

(খ) জেলা- রংপুর, থানাঃ রংপুর সদর, মৌজাঃ আলমনগর, জেএল নং-৯৬। খতিয়ান নংঃ সিএস ৭৫৬, আর এস -৭২৪, খারিজ খতিয়ানঃ ২৫-২০৭৪১, আর এস দাগ নং-৪৬৫৭ জমির পরিমাণঃ ১৯.০০ শতক। মালিক: মার্কেন্টাইল ব্যাংক পিএলসি।

ক এবং খ উভয় তফসিলে মোট জমির পরিমাণ (২০+১৯) =৩৯ শতক।

পক্ষেঃ অ্যাসিসট্যান্ট ভাইস প্রেসিডেন্ট ও শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি, রংপুর শাখা, রংপুর। ফোনঃ ০১৭১৩২০১৬৩৬।